

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ৫ জানুয়ারি ২০১৭

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মীগণ

হতে : পরিচালক

বিষয় : বার্ষিক বনভোজন ২০১৭ এর সংক্ষিপ্ত আলোচনার জন্য বিশেষ লিফলেট প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আশাকরি ইতিমধ্যে আপনারা জেনেছেন প্রতি বছরের ন্যায় এবছরেও বার্ষিক বনভোজন হবে। এবারের বনভোজনের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয়েছে “আনন্দময় কর্মপ্রেরণাই সাফল্যের মূলসূত্র”। প্রতিপাদ্য বিষয়ের উপর একটি লিফলেট অত্র সার্কুলারের সাথে সংযুক্ত করা হল।

২০১৭ সালের কোস্ট ট্রাস্টের একজন কর্মী হিসাবে কর্মজীবনে চারটি বৈশিষ্ট্য অর্জন করার চেষ্টা করব।

১. কঠোরভাবে সং (সততার ব্যাপারে আমরা কোন প্রকার আপোস করব না।)
২. নৈতিকতাপূর্ণ আনুগত্য (অনৈতিক কাজের প্রতি আনুগত্য কোস্ট ট্রাস্ট কখনও আশা করে না)
৩. সকল ক্ষেত্রে আমরা নিশ্চিত করবো আপোসহীনভাবে সুশৃংখলা।
৪. আমরা নিশ্চিত করব প্রশ্রুতীত সততা এবং একতা।

আমরা সবসময় নেতিবাচক বা খারাপ বিষয় নিয়ে ভাবি বা সমালোচনা করি। একটু চেষ্টা করলেই দেখা যাবে, আমাদের চারপাশে প্রচুর ভালো দিক আছে, প্রচুর ভালো উদাহরণ আছে, প্রচুর ভালো দিক আছে যা থেকে আমরা অনুপ্রেরণা লাভ করতে পারি। শুধু দৃষ্টিভঙ্গিটাকে একটু বদলে ফেলান এবং সবকিছুকে ইতিবাচক দৃষ্টিতে দেখুন। কর্মস্থলে কর্মীদের খারাপ দিক নিয়ে চর্চা না করে, প্রত্যেকে প্রত্যেকের ভাল দিকগুলো আলোচনা করব, একজন আরেকজনের ভাল দিক থেকে শিক্ষা নিব।

এই ধারণা পত্রটি যেভাবে ব্যবহার করা যাবে,

- লিফলেট এর একটি করে ফটোকপি সকল কর্মীকে দিতে হবে।
- প্রতিটি অঞ্চলের বার্ষিক বনভোজনে দুপুরে খাওয়ার আগে আরটিএল/আরপিএস এই লিফলেটটি সবাইকে বুঝিয়ে দেবেন।
- একটি প্রশ্নোত্তর পর্ব থাকতে হবে এবং কর্মীদের কাছ থেকে ফিডব্যাক নিতে হবে।
- আগামী মাসিক সভাগুলিতে এই লিফলেট নিয়ে আলোচনা করতে হবে।

এ সার্কুলারের সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যেকোনো মাধ্যমে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক

অনুলিপি: নির্বাহী পরিচালক

সকল সহকারী ও উপ-পরিচালক

অফিস ফাইল।

সংযুক্তি: লিফলেট (আনন্দময় কর্মপ্রেরণাই সাফল্যের মূল সূত্র)